গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার খাদ্য অধিদপ্তর চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা

চলাচল পারকল্পনা রেল ও সড়ক শাখা খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

নম্বর ১৩.০১.০০০০.০৮১.৩২.০০১.২৩.২১১

তারিখ: ১ ফালুন ১৪৩০

১৪ ফেব্রুয়ারি ২০২৪


বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয: মোংলা সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোতে জারিকৃত সূচির অপরিবাহিত পরিমাণ গম উন্মুক্তকরণ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ দপ্তরের ৩০-০১-২০২৪ খ্রি. এর ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.১৩১ নং স্মারকে মোংলা সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোতে নৌপথে ১২০০০ মে.টন ঢালা গমের চলাচল সূচি জারি করা হয়। উক্ত সূচি ও উপসূচির বর্ধিত মেয়াদসহ ১৪-০২-২০২৪ খ্রি. পর্যন্ত বলবৎ ছিল।

এমতাবস্থায়, জি টু জি এবং আন্তর্জাতিক দরপত্রের অধীনে চুক্তিকৃত গম নির্বিঘ্নে খালাসের লক্ষ্যে মোংলা সাইলোতে খালি জায়গা সৃষ্টির জন্য মোংলা সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোতে উল্লিখিত সূচির অপরিবাহিত পরিমাণ গম উন্মুক্ত করা হলো। নারায়ণগঞ্জ সাইলোতে গমের মজুত দুত বৃদ্ধির স্বার্থে আগে আসলে আগে পরিবহণ করবেন ভিত্তিতে কিংবা মোংলা সাইলো জেটিতে বোঝাইয়ের অপেক্ষায় অবস্থানরত জাহাজের ধারণক্ষমতা বিবেচনা করে উন্মুক্ত সূচির গম দুত পরিবহণের ব্যবস্থা করবেন। মেজর ক্যারিয়ার, খুলনা/ডিবিসিসি (খু-ব) নৌ ঠিকাদারগণ এই উন্মুক্ত সূচি বাস্তবায়নে অংশগ্রহণ করতে পারবেন। জারিকৃত সূচির পরিবহণের সকল শর্ত ও নির্দেশনাবলি অপরিবর্তিত থাকবে। সাইলো অধীক্ষক, মোংলা সাইলো, বাগেরহাট প্রেসমেন্টকৃত জাহাজের তথ্য ১৫-০২-২০২৪ খ্রি. মধ্যে এ দপ্তরে প্রেরণ নিশ্চিত করবেন।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



১৫-২-২০২৪ মোঃ নাজমুল হক ভূঁইয়া উপপরিচালক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৩) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয্ন্ত্রকের কার্যালয়, খুলনা
- ৪) সাইলো অধীক্ষক, মোংলা সাইলো, বাগেরহাট
- ৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ

করা হলো)

- ৬) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭) খুলনা মেজর কেরিয়ার সমিতি ও খুলনা আঞ্চলিক নৌ-পরিবহণ ঠিকাদার সমিতি (খাদ্য), ৬৯, লোয়ার যশোর রোড (৫ম তলা), খুলনা